দৈনিক ইনকিলাব

তারিখ ... JUN. 2 0 1999
পৃষ্ঠা ২ কলাম ৫

460

ঢাকা ভার্সিটি সিনেট নির্বাচন

# ভিসি নতুন নির্বাচনের দাবী প্রত্যাখ্যান করেছেন

স্টাফ রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এ কে আজাদ চৌধুরী বিশ্ববিদ্যালয় সিনেটে রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচনে কারচুপি ও পক্ষপাতিত্বের অভিযোগের প্রেক্ষিতে নতুন নির্বাচনের দাবী প্রত্যাখ্যান করেছেন। গতকাল ভিসি অফিসে এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, নির্বাচন শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। নতুন

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## ভিসি

প্রথম পৃষ্ঠার পর

নির্বাচনের প্রশ্নই ওঠে না। এ দাবী অবান্তর। তিনি নির্বাচনের ফলাফল মেনে নিয়ে বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে সকলকে একযোগে কাজ করার আহবান জানান। নির্বাচনের প্রিজাইডিং অফিসার, প্রোভিসি প্রফেসর শাহাদত আলী বলেন, রেজিস্টার্ড গ্র্যাজুয়েট হিসাবে অন্তর্ভুক্তির সময়সীমা আগের মতো বারবার বাড়ানো হয়। বন্যার কারণে '৯৮ সালে নির্বাচন করা যায়নি। নির্বাচনে রেজিস্টার্ড গ্র্যাজুয়েটদের ব্যাপক অংশগ্রহণ অন্যায় নয়। ঢাকার বাইরের কেন্দ্রগুলোর ভোট ঢাকায় এনে গণনা করা হয়েছে বিভিন্ন প্যানেলের প্রতিনিধিদের মৌখিক সিদ্ধান্তের প্রেক্ষিতে ভিসি'র মনোনীত ব্যক্তি হিসাবে প্রোভিসি নির্বাচনে প্রিজাইডিং অফিসার ছিলেন। ভোট বাতিলের নিয়ম সমভাবে প্রযোজ্য হয়নি— এ অভিযোগ অস্বীকার করে প্রোভিসি বলেন, এটা সত্য নয়। রেজিষ্ট্রার মুহাম্মদ সেলিম ও প্রক্টর প্রফেসর নূরউন নবী সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন।